

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৯২২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

بَابُ الْبِرِّ وَالصِّلَةِ

আরবী

وَعَنْ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَدْخُلُ الْجَنَّةَ قَاطِعٌ». مُتَّفَقٌ عَلَيْهِ

বাংলা

৪৯২২-[১২] জুবায়র ইবনু মুত'ইম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না। (বুখারী ও মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ৫৯৮৪, মুসলিম ১৯-(২৫৫৫), আবু দাউদ ১৬৯৬, তিরমিযী ১৯০৯, সহীহুল জামি' ৭৬৭১, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৫৪০ সহীহ আল আদাবুল মুফরাদ ৪৫, মুসান্নাফ 'আবদুর রাযযাক ২০২৩৪, মুসনাদুল বাযযার ৩৪০৫, আহমাদ ১৬৭৩২, মুসনাদে আবু ইয়া'লা ৭৩৯২, সহীহ ইবনু হিব্বান ৪৫৪, শু'আবুল ইমান ৭৯৫২, 'ত্ববারানী'র আল মু'জামুল কাবীর ১৪৯১, আর মু'জামুল আওসাত ৯২৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না। অপরদিকে আবু মূসা আল আশ্'আরী (রাঃ) কর্তৃক মারফু' সনদে আছে, لا يدخل الجنة مدمن خمر، ولا مصدق بسحر، ولا قاطع رحم অর্থাৎ মদখোর, যাদু সত্যায়নকারী ও আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করতে পারবে না।

আল আদাবুল মুফরাদে আবু হুরায়রা (রাঃ) থেকে মারফু' হাদীস এসেছে,

إِنْ أَعْمَلَ بَنِي آدَمَ تَعَرَّضَ كُلُّ عَشِيَةِ خَمِيسَ لَيْلَةِ جُمُعَةٍ، فَلَا يَقْبَلُ عَمَلُ قَاطِعٍ رَحِمٍ বানী আদামের 'আমলসমূহ প্রতি সপ্তাহে বৃহস্পতিবার রাতে আল্লাহর নিকট উপস্থাপন করা হয় সবার 'আমলে কবুল করা হয় শুধু قاطع رحم

তথা আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী ব্যতীত। ইবনু আবী আওফা (রাঃ) থেকে আর একটি হাদীস এসেছে মারফু‘ সনদে।

إِنَّ الرِّحْمَةَ لَا تَنْزِلُ عَلَى قَوْمٍ فِيهِمْ قَاطِعُ الرِّحْمِ অর্থাৎ যে সমাজে আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী বিদ্যমান সে সমাজের ওপর রহমত অবতীর্ণ হয় না।

‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) অত্র হাদীসের বিশ্লেষণে বলেছেন, এখানে ‘রহমত’ দ্বারা উদ্দেশ্য হলো বৃষ্টি অর্থাৎ যে সমাজে আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী থাকবে ঐ সমাজে আল্লাহর রহমত তথা বৃষ্টি অবতীর্ণ হবে না। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৫৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত‘ইম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75646>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন